

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.mhapsd.gov.bd

নং-৪৪.০৩.০০০০.০৬০.০০২.১০.১৪- ৫২

তারিখ : ০৬/০২/২০১৮ খ্রিঃ

প্রেরক : দেবাশিস কুমার দাস
সহকারি প্রধান

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরে উন্নয়ন বাজেটের আওতায় জননিরাপত্তা বিভাগের (কোড-২২) “আনসার ও ভিডিপি’র ব্যাটালিয়ন সদর দপ্তর কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায় ১৫টি আনসার ব্যাটালিয়ন)” শীর্ষক প্রকল্প কোড নং-৫০১১ এর জন্য অর্থ অবমুক্তি প্রসংগে।


মহোদয়,

অত্র মন্ত্রণালয় কর্তৃক ০১/০৮/২০১৭ তারিখের ৪৬২ স্মারকে জারীকৃত সরকারী আদেশে অনুমোদিত থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে জিওবি খাতে ৫২৫৬.০০ লক্ষ টাকা বরাদ্দ হতে নিম্নরূপভাবে অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি:

(অংকসমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোন নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
আনসার ও ভিডিপি সদর দপ্তর কোড নং-২২৪১	“আনসার ও ভিডিপি’র ব্যাটালিয়ন সদর দপ্তর কমপ্লেক্স নির্মাণ(১ম পর্যায় ১৫টি আনসার ব্যাটালিয়ন)” শীর্ষক অনুমোদিত প্রকল্প কোড নং-৫০১১	অনুমোদিত	৩য় কিস্তি	১২.৫০	১৩০১.৫০	১৩১৪.০০ (এক হাজার তিনশত চৌদ্দ লক্ষ)

- ২। এ ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী (১৯-২২-২২৪১-৫০১১) হতে “আনসার ও ভিডিপি’র ব্যাটালিয়ন সদর দপ্তর কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায় ১৫টি আনসার ব্যাটালিয়ন)” শীর্ষক প্রকল্প কোড নং-৫০১১ খাত হতে ব্যয় বহন করা হবে।
- ৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (তবে শুদ্ধ মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত);
- ৪। এ অর্থ ব্যয়ের সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- ৫। কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অংকের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না;
- ৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- ৭। পরবর্তীতে প্রকৃত ব্যয়ের হিসাব বিবরণী (বিস্তারিত) অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। অব্যয়িত অর্থ ৩০ জুন/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সমর্পন করতে হবে;



(দেবাশিস কুমার দাস)
সহকারি প্রধান
ফোন : ৯৫৭৪৫২৫

তারিখ : ০৬/০২/২০১৮ খ্রিঃ

নং-৪৪.০৩.০০০০.০৬০.০০২.১০.১৪- ৫২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-৬)
- ২। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, “আনসার ও ভিডিপি’র ব্যাটালিয়ন সদর দপ্তর কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায় ১৫টি আনসার ব্যাটালিয়ন)” শীর্ষক প্রকল্প, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। কম্পিউটার সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


(দেবাশিস কুমার দাস)
সহকারি প্রধান